গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক মূল্যায়ন)

স্থায়ী আদেশ নং ০১/২০১৮ তারিখঃ ৩০ জুলাই ২০১৮খ্রিঃ

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক ASYCUDA World এর মাধ্যমে পণ্য চালান মূল্যায়নপূর্বক শুল্কায়ন কর্মপদ্ধতি।

আমদানি পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণপূর্বক শুল্কায়নের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক ASYCUDA World **এর মাধ্যমে** পণ্য চালান নিম্নরূপ পদ্ধতিতে মূল্যায়নপূর্বক শুল্কায়নযোগ্য হবেঃ

(১) **বিল অব এন্ট্রি (বিই) ও ডাটা এন্ট্রি শীট (ডিইএস):** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড (AW) সিষ্টেমে বিই এর তথ্য সন্নিবেশ এবং ডিইএস প্রণয়নকালে **আমদানি দলিলাদি** (এলসিএ, এলসি, ইনভয়েস, প্রোফর্মা ইনভয়েস/ইন্ডেন্ট, বিল অব এক্সচেঞ্জ, বিল অব ল্যাডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা পণ্য জাহাজীকরণ/ যানজাতকরণ সংক্রান্ত দলিল, প্যাকিং লিস্ট, কান্ট্রি অব অরিজিন ও অন্যান্য সার্টিফিকেট ইত্যাদি)তে উল্লিখিত পণ্যের **বাণিজ্যিক বিবরণ** (পণ্যের বর্ণনা বা নাম, ব্র্যান্ড, আর্ট ও পার্ট নম্বর, স্পেসিফিকেশন,আকার ও আকৃতি, প্রকৃতি ইত্যাদি); **এইচএস কোড, বাণিজ্যিক এককে পরিমাণ** (সংখ্যা/একক/ইউনিট, ইঞ্চি/ফুট/গজ/মিলি/সেন্টি/ডেসি মিটার/লিটার, বর্গ বা ঘন ইঞ্চি/ফুট/ গজ/মিলি/ সেন্টি/ডেসিমিটার/লিটার ইত্যাদি); **কান্ট্রি অব অরিজিন; ঘোষিত একক ও মোট মূল্য; মোট ও নীট ওজন** (কিলোগ্রাম) ইত্যাদি উল্লেখ করবেন।

(২) **মূল্য ঘোষণা ফরম (ভিডিএফ) পূরণ ও দাখিলঃ** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ১১(১)(ক) এর বিধান মোতাবেক উক্ত বিধিমালার পরিশিষ্ট এর মূল্য ঘোষণা ফরমে আমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যাদি সন্নিবেশপূর্বক উক্ত ফরম পূরণ করে উক্ত ফরম আমদানি দলিদাদিসহ বিই ও ডিইএসএর সাথে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন;

(৩) **আমদানি দলিলাদি এবং ঘোষণার যথার্থতা যাচাইঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এ্যাসিসটেন্ট রেভেনিউ অফিসার (এআরও) ও রেভেনিউ অফিসার (আরও) কর্তৃক-

(ক) আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যের সাথে AW সিষ্টেমের বিই, ডিইএস, ভিডিএফ ইত্যাদিতে উল্লিখিত (পণ্যের বাণিজ্যিক বিবরণ, এইচএস কোড, বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন, কান্ট্রি

অব অরিজিন, ঘোষিত একক ও মোট মূল্যসহ অন্যান্য বিষয়ের) তথ্যের যথার্থতা যাচাই করবেন; এবং

(খ) উক্তরুপ যাচাইয়ে আমদানিকারক বা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিল বা ঘোষণার ভিত্তিতে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস করা এবং/অথবা মূল্যায়ন করা সম্ভব নয় বিবেচিত হলে, সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও উক্ত গ্রুপের তত্বাবধানকারী ডেপুটি/ সহকারী কমিশনারের অনুমোদনক্রমে ক্ষেত্রবিশেষে পণ্যের আংশিক/শতভাগ কায়িক পরীক্ষা/পরিদর্শনপূর্বক পণ্যের সঠিক পরিমাণ, পরিমাপ, সংখ্যা ইত্যাদি নিরূপণ; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেনীবিন্যাস বা মূল্যায়নের সংশ্লিষ্ট সহায়ক তথ্যাদি বা মতামত সংগ্রহ করার নিমিত্তে কায়িক পরীক্ষণ কর্মকর্তাদের নিকট নথি/ফোল্ডার প্রেরণ করবেন।

(৪) **পণ্যের কায়িক পরীক্ষা বা নমুনা উত্তোলনঃ** সংশ্লিষ্ট পরীক্ষণ গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও উক্ত গ্রুপের তত্বাবধানকারী ডেপুটি/ সহকারী কমিশনারের অনুমোদনক্রমে-

(ক) ক্ষেত্র বিশেষে পণ্যের আংশিক/শতভাগ কায়িক পরীক্ষা/পরিদর্শনপূর্বক পণ্যের বাণিজ্যিক বিবরণ; এইচএস কোড; প্যাকিং লিষ্ট মোতাবেক পণ্যের বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন; কান্ট্রি অব অরিজিন ইত্যাদি বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদান; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেণবিণ্যাস বা মূল্যায়নের নিমিত্তে সহায়ক তথ্যাদি বা মতামত লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট নথি/ফোল্ডার শুল্কায়ন গ্রুপের কর্মকর্তার নিকট প্রেরণ এবং কায়িকভাবে পরিদর্শনকৃত/পরিক্ষিত চালানের তথ্য AW সিস্টেমে এন্ট্রি করবেন; এবং

(খ) সংশ্লিষ্ট পরীক্ষণ গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরওগণ প্রত্যেক কর্মদিবস শেষে তথ্য AW সিস্টেম হতে উক্ত কর্মদিবসে কায়িকভাবে পরিদর্শনকৃত/পরীক্ষিত পণ্য চালানের বিবরণী প্রণয়ন করবেন; এবং সংশ্লিষ্ট আরও উক্ত বিবরণীর সত্যতা যাচাই পূর্বক তা একীভূত করে প্রত্যেক কর্মদিবস শেষে তত্বাবধানকারী ডেপুটি/সহকারী কমিশনারের নিকট উপস্থাপন করবেন। ডেপুটি/সহকারী কমিশনারগণ নিয়মিতভাবে উপস্থাপিত এ তথ্য যাচাই বাছাই করবেন এবং সপ্তাহের শেষ কর্মদিবসে পরীক্ষণ সংক্রান্ত অসংগতির বিবরণ তুলে ধরে সংশ্লিষ্ট নথিতে সুস্পষ্ট মতামত ও প্রস্তাবসহ তা যুগ্ম বা অতিরিক্ত কমিশনারের মাধ্যমে উর্ধ্বগামী করণসহ আইনানুগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহন করবেন। কমিশনার দৈবচয়নের মাধ্যমে উপস্থাপিত বিবরণী পরীক্ষা করে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

(৫) **পণ্যের মূল্য তথ্য সংগ্রহঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও কর্তৃক-

(ক) আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যের সাথে AW সিষ্টেমের বিই, ভিডিএফ ইত্যাদিতে উল্লিখিত তথ্য সঠিক পাওয়াসহ সংশ্লিষ্ট পণ্য চালান কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত না হলে; এবং দাখিলকৃত

আমদানি দলিল বা ঘোষণার ভিত্তিতে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস এবং/অথবা মূল্যায়ন করার ক্ষেত্রে; এবং

(খ) পণ্যের কায়িক পরীক্ষা/পরিদর্শন এর মাধ্যমে পণ্যের বাণিজ্যিক বিবরণ, এইচএস কোড, বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন, কান্ট্রি অব অরিজিন ইত্যাদি বিষয়ে সুনির্দিষ্ট মতামত সংগ্রহ; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেণীবিণ্যাস বা মূল্যায়নের নিমিত্তে সহায়ক তথ্যাদি বা মতামত সংগ্রহের মাধ্যমে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস এবং/অথবা মূল্যায়ন করার ক্ষেত্রে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবেনঃ

(অ) ট্র্যানজেকশন ভ্যালু/ বিনিময় মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণী প্রণয়নঃ মূল্যায়নাধীন পণ্য চালান একই রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত এবং একই আমদানিকারক কর্তৃক আমদানিকৃত অভিন্ন (identical) পণ্য (অভিন্ন ব্রান্ড, স্পেসিফিকেশন, উৎস দেশ ইত্যাদি) হলে উক্ত পণ্য ট্র্যানজেকশন ভ্যালু/ বিনিময় মূল্য পদ্ধতিতে মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও AW সিষ্টেম থেকে **সংলাগ-ক** এর ছক মোতাবেক মূল্য তথ্য বিবরণী প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ফোল্ডার/নথিতে পণ্য চালানটি **ট্র্যানজেকশন ভ্যালু/ বিনিময় মূল্য পদ্ধতিতে** মূল্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করবেন অথবা ক্ষেত্রমতে প্রয়োজনীয় প্রস্তাবসহ ডেপুটি/সহকারী কমিশনারের বরাবরে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন; অথবা

(আ) আইডেনটিক্যাল গুডস/ অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণী প্রণয়নঃ উপানুচ্ছেদ (অ) মোতাবেক মূল্য তথ্য না পাওয়া গেলে বা মূল্য তথ্য বিবরণী প্রণয়ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে মূল্যায়নাধীন পণ্য চালান একই/ভিন্ন রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত এবং একই/ভিন্ন আমদানিকারক কর্তৃক আমদানিকৃত অভিন্ন (identical) পণ্য (অভিন্ন ব্রান্ড, স্পেসিফিকেশন, উৎস্ দেশ ইত্যাদি) হলে উক্ত পণ্য আইডেনটিক্যাল গুডস/ অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও AW সিষ্টেম থেকে **সংলাগ-খ** এর ছক মোতাবেক মূল্য তথ্য বিবরণী প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ফোল্ডার/নথিতে পণ্য চালানটি **আইডেনটিক্যাল গুডস/ অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে** মূল্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করবেন অথবা ক্ষেত্রমতে প্রয়োজনীয় প্রস্তাবসহ ডেপুটি/সহকারী কমিশনারের বরাবরে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন; অথবা

(ই) সিমিলার গুডস/ সমতুল্য পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণী প্রণয়নঃ উপানুচ্ছেদ (আ) মোতাবেক মূল্য তথ্য না পাওয়া গেলে বা মূল্য তথ্য বিবরণী প্রণয়ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে মূল্যায়নাধীন পণ্য চালান ভিন্ন রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত এবং ভিন্ন আমদানিকারক কর্তৃক একই উৎস দেশ থেকে আমদানিকৃত **সমতুল্য পণ্য** (ভিন্ন ব্রান্ড/স্পেসিফিকেশন কিন্তু বাণিজ্যিকভাবে বদলযোগ্য/ইন্টারচেঞ্জাবল) হলে উক্ত পণ্য সমতুল্য পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও AW সিষ্টেম থেকে **সংলাগ-গ** এর ছক মোতাবেক মূল্য তথ্য বিবরণী

প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ফোল্ডার/নথিতে পণ্য চালানটি **সিমিলার গুডস/ সমতুল্য পণ্যের মূল্য পদ্ধতিতে** মূল্যায়ন করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাবসহ ডেপুটি/সহকারী কমিশনারের বরাবরে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন; অথবা

(ঈ) ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী পদ্ধতিতে মূল্যায়নের নিমিত্তে সাধারণ মূল্যতথ্য বিবরণী প্রণয়নঃ উপানুচ্ছেদ (ই) মোতাবেক মূল্য তথ্য না পাওয়া গেলে বা মূল্য তথ্য বিবরণী প্রণয়ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে মূল্যায়নাধীন পণ্য চালান ভিন্ন রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত এবং ভিন্ন আমদানিকারক কর্তৃক একই/ভিন্ন উৎস দেশ থেকে আমদানিকৃত সমজাতীয় পণ্যের মূল্যের তথ্যের ভিত্তিতে উক্ত পণ্য ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী মূল্য পদ্ধতিতে মূল্যায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও AW সিষ্টেম থেকে **সংলাগ-ঘ** এর ছক মোতাবেক মূল্য তথ্য বিবরণী প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ফোল্ডার/নথিতে পণ্য চালানটি **ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী পদ্ধতিতে** মূল্যায়ন করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাবসহ ডেপুটি/সহকারী কমিশনারের বরাবরে উপস্থাপন করবেন।

উপর্যুক্ত সকল ক্ষেত্রে শুল্কমূল্য নির্ধারণের সময় বিবেচ্য পণ্য চালানের পরিবহন মাধ্যম, বাণিজ্যিক স্তর ও পরিমাণ স্তর বিবেচনায় নিয়ে মূল্যায়ন করতে হবে।

২। মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের মূল্য নির্ধারণঃ

(১) **সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যেরমূল্য নির্ধারণ এবং শুল্কায়নের সিদ্ধান্ত প্রদানঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও কর্তৃক উক্ত শুল্কায়ন গ্রুপের তত্বাবধানকারী ডেপুটি/সহকারী কমিশনারের নিকট মূল্য তথ্য বিবরণী প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ফোল্ডার/নথিতে পণ্য চালানটি ট্র্যানজেকশন ভ্যালু/ বিনিময় মূল্য অথবা আইডেনটিক্যাল গুডস/ অভিন্ন পণ্যের মূল্য অথবা সিমিলার গুডস/ সমতুল্য পণ্যের মূল্য অথবা ডিডাকটিভ ভ্যালু/অবরোহী মূল্য পদ্ধতিতে মূল্যায়ন করার প্রস্তাব উপস্থাপিত হলে, সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার অবরোহী মূল্য পদ্ধতিতে মূল্যায়নের প্রস্তাব ব্যতীত চালানটি অন্যান্য পদ্ধতিতে মূল্যায়ন করার প্রস্তাবসহ শুল্কায়নের অন্যান্য প্রস্তাবের উপর সিদ্ধান্ত প্রদান করবেন অথবা ফোল্ডার বা নথিটি অবরোহী মূল্য পদ্ধতি বা প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য পদ্ধতিতে মূল্যায়নের প্রস্তাব এবং অন্যান্য প্রস্তাব কমিশনারের বরাবরে অথবা আদেশের মাধ্যমে নির্ধারিত যথোপযুক্ত উর্ধ্বতন কর্মকর্তার নিকট উত্থাপন করবেন;

(২) **কমিশনার কর্তৃক স্বয়ং অথবা তদকর্তৃক গঠিত "পণ্যের শুল্ক মূল্য নির্ধারণসংক্রান্ত কমিটি" কর্তৃক ডিডাকটিভ ভ্যালু বা অবরোহী মূল্যায়ন পদ্ধতিতে পণ্যচালান মূল্যায়ন এবং শুল্কায়নের সিদ্ধান্ত প্রদানঃ**

(ক) কমিশনার **সংলাগ-ঙ** এর ছকে আমদানিকৃত পণ্যের বাণিজ্যিক বিবরণ, বাণিজ্যিক পরিমাণ, পরিবহন মাধ্যম, বাণিজ্যিক স্তর/লেভেল, পণ্যের মোট ও নীট ওজন (কিলোগ্রাম), পণ্যের নমুনা/ লিটারেচার/ ক্যাটালগ, কান্ট্রি অব অরিজিন ইত্যাদি পর্যালোচনাপূর্বক মূল্যায়নাধীন পণ্য অভ্যন্তরীণ বাজারে সর্বাধিক পরিমাণ যে সর্বনিম্ন একক মূল্যে বিক্রয় হয় উক্ত

মূল্য থেকে উক্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ক-কর বাদ দিয়ে, **সংলাগ-ঘ** এর তথ্য পর্যালোচনাসহ ইন্টারনেট থেকে সংশ্লিষ্ট পণ্যের রপ্তানি মূল্য তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করে, প্রয়োজনবোধে আমদানিকারক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং/অথবা সংশ্লিষ্ট অন্যকোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে বাস্তবসম্মত তথ্যের ভিত্তিতে অভ্যন্তরীণ পরিবহণ, বীমা, গুদামজাতকরণ ইত্যাদি ব্যয়সহ খুচরা বা পাইকারী বা আমদানিকারক পর্যায়ের আমদানির আনুসংগিক অন্যান্য খরচসহ মুনাফা নিরুপনপূর্বক বাদ দিয়ে ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী মূল্য পদ্ধতিতে সংশ্লিষ্ট পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরুপন করবেন; অথবা

(খ) **কমিশনার কর্তৃক মনোনীত** অতিরিক্ত কমিশনার/যুগ্ম-কমিশনার-এর সভাপতিত্বে সংশ্লিষ্ট পণ্যের শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম-কমিশনার/ ডেপুটি অথবা সহকারী কমিশনার, আরও ও এআরও, আমদানিকারক বা তাঁর প্রতিনিধি, উক্ত কমিটির সভাপতি কর্তৃক মনোনীত এক বা একাধিক অন্য কোন প্রতিনিধির সমন্বয়ে গঠিত **"পণ্যের শুল্ক মূল্য নির্ধারণ সংক্রান্ত কমিটি"** কর্তৃক উপানুচ্ছেদ ২(ক) এ বর্ণিত পদ্ধতিতে ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী মূল্য পদ্ধতিতে সংশ্লিষ্ট পণ্যের মূল্য নির্ধারণের বিষয়ে কমিশনারের নিকট সুপারিশ পেশ করবেন। প্রতিটি কমিশনারেটের মূল্যায়ন কমিটির প্রধান এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন এবং অন্যান্য কমিশনারেটের মূল্যায়ন কমিটির সাথে আন্তঃ যোগাযোগ নিশ্চিত করবেন।

৩। **AW সিস্টেমে মূল্যায়ন ও শুল্কায়নের তথ্য এন্ট্রিকরণঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও কর্তৃক AW সিষ্টেমে পণ্যের বাণিজ্যিক বর্ণনা, বাণিজ্যিক একক, পরিমাণ বা পরিমাপ, পণ্যের মূল্যায়ন পদ্ধতি, শুল্কায়নযোগ্য একক ও মোট মূল্য ইত্যাদি তথ্য সন্নিবেশ বা এন্ট্রিকরণ এবং শুল্কায়ন নিশ্চিতকরণ।

৪। **প্রাত্যহিক মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের তথ্য বিবরণী প্রণয়ন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিলঃ** প্রতিটি শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত আরও ও এআরওগণ প্রত্যেক কর্মদিবস শেষে উক্ত কর্মদিবসে মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের তথ্য AW সিষ্টেমে এন্ট্রিকরণ সংক্রান্ত বিবরণী **সংলাগ-চ** এর ছকে প্রণয়ন করবেন এবং উক্ত বিবরণী শুল্কায়ন গ্রুপের তত্ত্বাবধানের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/ সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তার নিকট দাখিল করবেন।

৫। **মাসভিত্তিক মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের অভ্যন্তরীণ নিরীক্ষাঃ** সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক ষ্টেশনের কমিশনার অফিস আদেশ দ্বারা অতিরিক্ত ও যুগ্ম-কমিশনার এর নেতৃত্বে প্রয়োজনীয় সংখ্যক ডেপুটি/সহকারী কমিশনার, আরও ও এআরওগণের সমন্বয়ে ৩/৪ টি শুল্কায়ন গ্রুপের জন্য একটি করে আমদানি পণ্যচালান খালাসোত্তর মাসভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে কার্যপরিধি ও কার্যপদ্ধতি নির্ধারণপূর্বক প্রয়োজনীয় সংখ্যক টিম গঠন করবেন। উক্ত নিরীক্ষা টিম দৈব চয়নের মাধ্যমে সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার, আরও ও এআরওগণের নিয়ন্ত্রণ বা তত্ত্বাবধানাধীন নয় এরুপ শুল্কায়ন গ্রুপের বিগত মাসে মূল্যায়িত ও শুল্কায়িত চালানের খালাসত্তোর অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে কমিশনারের বরাবরে নিরীক্ষার ফলাফল সম্বলিত সংক্ষিপ্ত প্রতিবেদন দাখিল